# সারাদেশে হামের টিকাদান শুরু হচ্ছে ২০ এপ্রিল: স্বাস্থ্যমন্ত্রী


স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। ছবি: সংগৃহীত

দেশজুড়ে হামের টিকাদান কর্মসূচি আগামী ২০ এপ্রিল থেকে শুরু হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন।

বুধবার (৮ এপ্রিল) জাতীয় সংসদের অধিবেশনে এ বিষয়ে এক প্রশ্নের জবাবে তিনি জানান, দেশে বর্তমানে হামের টিকার পর্যাপ্ত মজুত রয়েছে এবং সরবরাহ পরিস্থিতিও স্থিতিশীল।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, অতীতের টিকা ব্যবস্থাপনায় অব্যবস্থাপনা ও অবহেলার কারণে কিছুটা জটিলতা তৈরি হয়েছিল। তবে সরকার তা কাটিয়ে উঠেছে এবং এখন টিকা নিয়ে কোনো ঘাটতি নেই।

তিনি আরও জানান, ইতোমধ্যে ২ কোটি ১৯ লাখ ডোজ হামের টিকা সংগ্রহ করা হয়েছে এবং অতিরিক্ত মজুতও রাখা হয়েছে। প্রক্রিয়া সহজ করতে ও বিলম্ব এড়াতে এবার প্রচলিত দরপত্র পদ্ধতির পরিবর্তে সরাসরি ইউনিসেফ থেকে টিকা সংগ্রহ করা হচ্ছে।

সংসদ সদস্যদের উদ্দেশে তিনি অযথা আতঙ্ক সৃষ্টি না করার আহ্বান জানান এবং জনগণকে আশ্বস্ত করেন যে, টিকা কার্যক্রম নির্বিঘ্নভাবে পরিচালিত হবে।

এর আগে, মঙ্গলবার (৭ এপ্রিল) মন্ত্রী জানিয়েছিলেন, ১২ এপ্রিল থেকে ঢাকা ও অন্যান্য কয়েকটি সিটি করপোরেশন এলাকায় এই কার্যক্রম শুরু হবে এবং ৩ মে থেকে তা সারাদেশে বিস্তৃত হবে। তবে সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী, নির্ধারিত সময়ের আগেই ২০ এপ্রিল থেকে দেশব্যাপী টিকাদান কর্মসূচি শুরু হচ্ছে।